

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নিয়োগ ও প্রশিক্ষণ শাখা
ঢাকা

নং- এডি-আরএডটি-১০৩০/ ৪০৬

তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০১৯


প্রাপক : মির্জা সোনিয়া মুন্সী
সহকারী সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

আদিষ্ট হয়ে প্রধানমন্ত্রী ফেলোশিপ (২০১৯-২০২০, ১ম পর্যায়) এর আওতায় যুক্তরাজ্যের অক্সফোর্ড ইউনিভার্সিটিতে Post Graduate Diploma (Leading to Masters) in Diplomatic Studies শীর্ষক কোর্সে অংশগ্রহণের জন্য আপনার অনুকূলে আগামী ০৩ অক্টোবর ২০১৯ হতে ০৬ অক্টোবর ২০২০ তারিখ পর্যন্ত (ভ্রমণ সময় ব্যতীত) প্রেষণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরি আদেশের শর্তাবলী নিম্নরূপঃ

- ক) প্রেষণকালীন সময় আপনি মন্ত্রণালয়ে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে মর্মে আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;
- খ) আপনি প্রেষণকালীন সময় পূর্ণ বেতন প্রাপ্য হবেন;
- গ) আন্তর্জাতিক বিমানভাড়াসহ স্থানীয় পরিবহন ব্যয়, থাকা-খাওয়া ও কোর্স ফিসহ যাবতীয় ব্যয় আপনি নিজে/বৃত্তি প্রদানকারী কর্তৃপক্ষ বহন করবেন;
- ঘ) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে আপনি অনুমোদিত সময়ের অতিরিক্ত সময়ে বিদেশে অবস্থান করতে পারবেন না;
- ঙ) উক্ত কোর্সে অংশগ্রহণের নিমিত্তে আপনি আগামী ০২ অক্টোবর ২০১৯ তারিখ বা নিকটবর্তী সময়ে যুক্তরাজ্যের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং কোর্স সমাপনান্তে ০৭ অক্টোবর ২০২০ তারিখ বা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন;
- চ) উক্ত কোর্স সমাপনান্তে দেশে প্রত্যাবর্তনের পর পুনরায় বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য মনোনয়ন প্রাপ্তির পূর্বে আপনাকে ০৪ (চার) বছর মেয়াদের চাকরি পূরণ করতে হবে, তবে শুধু ডক্টরেট এবং পোস্ট ডক্টরেট রিসার্চের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না;
- ছ) কোর্স সমাপনান্তে দেশে ফিরে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নির্ধারিত ফরমে প্রতিবেদন ও প্রাপ্ত সনদপত্র সরকারের নিকট দাখিল করতে হবে এবং যথাসময়ে উক্ত প্রতিবেদন না পাওয়া গেলে ভ্রমণের অতিরিক্ত সময়ে বিদেশে অবস্থান করেছেন গণ্য করে আপনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হতে পারে;
- জ) কোন কারণবশতঃ কোর্স এর মেয়াদকাল পরিবর্তন হলে অথবা প্রাপ্ত বৃত্তির ক্ষেত্রে কোন পরিবর্তন হলে তাৎক্ষণিকভাবে তা মন্ত্রণালয়কে অবহিত করে মন্ত্রণালয় হতে প্রাপ্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।



২৭/০৭/১৭
(আফজাল মেহদাত আদনান)
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)
ফোনঃ ৯৫৫৫৩২০

নং- এডি-আরএডটি-১০৩০/ ৪০৬

তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা
- ৩। পরিচালক (এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (এসএসএ/সংস্থাপন-১/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা
- ৬। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।


২৭/০৭/১৭
(আফজাল মেহদাত আদনান)
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)